

ঢাকা ভাসিটির ৫ জন ছাত্রকে শো'কজ

ইত্তেফাক রিপোর্ট : সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫ জন ছাত্রকে কারণ-দর্শীও নোটিস প্রদান করা হইয়াছে। অভিযুক্তরা নোটিসের যথাযথ জবাবদানে ব্যর্থ হইলে তাহাদের বিশ্ববিদ্যালয় হইতে বহিস্কার করা হইবে। কারণ দর্শীও নোটিসপ্রাপ্ত ছাত্ররা হইল: নেয়ামুল ইসলাম ডাব্লিউ (আইআর বিভাগ ১ম বর্ষ, জহুরুল হক হল), এহসান (আইআর ১ম বর্ষ, এফ রহমান হল), মুরাদ (রাষ্ট্রবিজ্ঞান, এফ রহমান হল), জাকির (ব্যবস্থাপনা তৃতীয় বর্ষ, মহসীন হল) এবং আসিফ (রাষ্ট্রবিজ্ঞান (২য় পঃ ৪-এর কঃ দ্রঃ)

ঢাকা ভাসিটির (শেষ পঃ পর)

৩য় বর্ষ, মহসীন হল)। ডাব্লিউ, এহসান ও মুরাদ গত শুক্রবার এফ রহমান হলে গুলীবর্ষণের ঘটনায় জড়িত। জাকির ও আসিফ পানি ঝাওয়ার ঘটনা নিয়া কামাল নামে একজন ছাত্রকে টিএসসিতে মারধর করে। ৭ দিনের মধ্যে শো'কজের জবাব দিতে বলা হইয়াছে।

ভিসি প্রফেসর আজাদ চৌধুরী জানাইয়াছেন, সন্ত্রাস বা বিশৃঙ্খলা করিলে কাহাকেও ক্ষমা করা হইবে না।

দুইটি হলে তল্লাশী

পুলিশ গত শুক্রবার মধ্যরাত্রে পর মহসীন হল ও জহুরুল হক হলে তল্লাশী চালায়। তবে কিছু উদ্ধার করিতে পারে নাই।